নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and technology university (NSTU)
নোয়াখালী-৩৮১৪, বাংলাদেশ।

প্রভোস্ট দফতর
ভাষা শহীদ আবদুস সালাম হল

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৫

# নোটিশ

**বিষয়ঃ হলের শূন্য আসনের বিপরীতে আবেদন গ্রহণের বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ভাষা শহীদ আবদুস সালাম হলে শূন্য আসনের বিপরীতে শিক্ষার্থীদের নিকট থেকে আবেদন গ্রহণ করা হবে। এ জন্য শিক্ষার্থীদের নিজ নিজ প্রাতিষ্ঠানিক ই-মেইল ব্যবহার করে অনলাইনে নির্ধারিত গুগল ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। গুগল ফরমের লিংক এবং কিউআর কোড নিচে যুক্ত করা হল। আগ্রহী শিক্ষার্থীদের আগামী ১৯ অক্টোবর, ২০২৫ (রবিবার) বিকাল চারটার মধ্যে উক্ত গুগল ফরম পূরণ করে আবেদন সম্পন্ন করার জন্য আহবান জানানো হলো। গুগল ফরম সাবমিট পূর্বে শিক্ষার্থীকে অবশ্যই সকল তথ্য ভালোভাবে যাচাই করতে হবে। আবেদন সম্পন্ন হলে আপনার পূরণকৃত তথ্যাবলীর কপি আপনার ই-মেইলে স্বয়ংক্রিয়ভাবে পৌঁছে যাবে। উল্লেখ্য যে, কোন শিক্ষার্থী যদি নিজের প্রাতিষ্ঠানিক ই-মেইলের পাসওয়ার্ড ভুলে যান, তবে আইসিটি সেলে প্রয়োজনীয় সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
গুগল ফরমের লিংকঃ https://forms.gle/hV2QEFTn9ifJftiF9
কিউআর কোডটি নিচে সংযুক্ত করা হল।

কেবলমাত্র ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সদ্য ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে যারা ভাষা শহীদ আবদুস সালাম হলে আসন প্রাপ্তির জন্য আবেদন করতে আগ্রহী, তারা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে প্রয়োজনীয় ফরম ডাউনলোডপূর্বক প্রয়োজনীয় তথ্যাবলী পূরণ করে উক্ত আবেদন আগামী ১৯ অক্টোবর, ২০২৫ তারিখ (রবিবার) অফিস চলাকালীন সময়ের মধ্যে হল অফিসে জমা প্রদান করবেন। আবেদনপত্রে শিক্ষার্থীর পূর্ণ নাম, স্টুডেন্ট আইডি, বিভাগ, মোবাইল নম্বর এবং যোগাযোগের ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ থাকতে হবে। আবেদন ফরমে শিক্ষার্থী সাম্প্রতিক সময়ে তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করবে। উক্ত ছবির উপর নিজ নিজ বিভাগীয় প্রধানের (ইনস্টিটিউটের পরিচালক অথবা বিভাগের চেয়ারম্যান) স্বাক্ষর থাকতে হবে। এছাড়াও আবেদনের সাথে এসএসসি এবং এইচএসসি পরীক্ষার সনদের এক কপি অনুলিপি সংযুক্ত করতে হবে।

বিশেষ দ্রষ্টব্যঃ কেবলমাত্র আবদুস সালাম হলের শিক্ষার্থীরাই এই আবেদনটি করতে পারবেন। নির্ধারিত সময়ের পরে আর কোন আবেদন গ্রহণ করা হবে না।

মোঃ ফরিদ দেওয়ান
প্রভোস্ট
ভাষা শহীদ আবদুস সালাম হল
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

<u>অনুলিপি প্রেরণঃ</u>
১। ডীন, সকল অনুষদ (ডীন মহোদয়দের অবগতির জন্য)
২। পরিচালক, ইনস্টিটিউটসমূহ (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
৩। চেয়ারম্যান, সকল বিভাগ (শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)
৪। পরিচালক, আইসিটি সেল (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)
৫। রেজিস্ট্রার, নোবিপ্রবি
৬। নথি